রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৩১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

প্রজ্ঞাপন

তারিখ, ৭ শ্রাবণ ১৪২১/২২ জুলাই ২০১৪

**এস. আর. ও. নং ২০৭-আইন/২০১৪।**—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০ নং আইন) এর ধারা ৫৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—(১) এই বিধিমালা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (কর্মচারীদের পোশাক ও সামগ্রীর প্রাধিকার) বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কর্মচারী"** অর্থ অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তা ও কর্মচারী, যথা:—

(১) তত্ত্বাবধায়ক;

(২) পরিদর্শক;

(৩) উপ-পরিদর্শক;

(৪) সহকারী উপ-পরিদর্শক; এবং

(৫) সিপাই;

(খ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল; এবং

(গ) **"পোষাক"** অর্থ তফসিলে বর্ণিত পোশাক ও সামগ্রী।



মূল্য ঃ টাকা ৮.০০

৩। **পোশাক পরিধানের বাধ্যবাধকতা, ইত্যাদি।**—(১) অফিসে ও দায়িত্ব পালনকালীন সময়ে প্রত্যেক কর্মচারীকে তফসিলে বর্ণিত পোশাক এবং বিধি ৪ এ বর্ণিত র‍্যাংক ব্যাজ পরিধান করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, গোয়েন্দা কাজে নিয়োজিত থাকাকালীন পোশাক পরিধানে কোন বাধ্যবাধকতা থাকিবে না।

(২) প্রত্যেক কর্মচারী তফসিলে বর্ণিত পোশাক উক্ত তফসিলে উল্লিখিত আয়ুষ্কালের বিপরীতে প্রাধিকার হিসাবে প্রাপ্য হইবেন।

৪। **র‍্যাংক ব্যাজ।**—অফিসের ও দায়িত্ব পালনকালীন সময়ে প্রত্যেক কর্মচারীকে নিম্নরূপ র‍্যাংক ব্যাজ পরিধান করিতে হইবে, যথাঃ—

(ক) **তত্ত্বাবধায়কের র‍্যাংক ব্যাজ :** পরিশিষ্ট-ক এর ১ নং ক্রমিকের নমুনা অনুযায়ী এ্যালুমিনিয়ামের তৈরী শাপলা ফুল সম্বলিত চারকোণা বিশিষ্ট ২টি পিপ্স।

(খ) **পরিদর্শকের র‍্যাংক ব্যাজ :** পরিশিষ্ট-ক এর ২ নং ক্রমিকের নমুনা অনুযায়ী এ্যালুমিনিয়ামের তৈরী শাপলা ফুল সম্বলিত চারকোণা বিশিষ্ট ১টি পিপ্স।

(গ) **উপ-পরিদর্শকের র‍্যাংক ব্যাজ :** পরিশিষ্ট-ক এর ৩ নং ক্রমিকের নমুনা অনুযায়ী এ্যালুমিনিয়ামের তৈরী শাপলা ফুল সম্বলিত চার ডানাযুক্ত ২টি স্টার ও ১টি কালো রংয়ের রিবন।

(ঘ) **সহকারী উপ-পরিদর্শকের র‍্যাংক ব্যাজ :** পরিশিষ্ট-ক এর ৪ নং ক্রমিকের নমুনা অনুযায়ী এ্যালুমিনিয়ামের তৈরী শাপলা ফুল সম্বলিত চার ডানাযুক্ত ১টি স্টার ও ১টি কালো রংয়ের রিবন।

(ঙ) **সিপাই'র র‍্যাংক ব্যাজ :** এ্যালুমিনিয়ামের তৈরী বাংলায় "নারকোটিকস" শব্দ লিখিত সোল্ডার স্ট্রীপ।

৫। **সংগ্রহ প্রক্রিয়া।**—(১) প্রচলিত আইন ও বিধি-বিধান অনুসরণপূর্বক মহাপরিচালক, অধিদপ্তরের তত্ত্বাবধানে, কর্মচারীদের ব্যবহার্য পোশাক প্রতি অর্থ-বৎসরের ভিত্তিতে সংগ্রহের ব্যবস্থা করিতে পারিবেন।

(২) অধিদপ্তরের প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, উপ-আঞ্চলিক কার্যালয় ও গোয়েন্দা অঞ্চলসমূহের চাহিদার ভিত্তিতে পোশাকের পরিমাণ নির্ধারণপূর্বক সংগ্রহ প্রক্রিয়া সম্পন্ন করা যাইবে:

তবে শর্ত থাকে যে, কর্মচারীদের মোট সংখ্যার এক-তৃতীয়াংশের জন্য অতিরিক্ত পোশাক সংগ্রহ করা যাইবে।

৬। **সরবরাহ পদ্ধতি।**—(১) অধিদপ্তরের চাকুরীতে যোগদানের পর কর্মচারীগণকে নূতন পোশাক সরবরাহ করিতে হইবে।

(২) কর্মচারীগণকে সকল প্রকার পোশাক, এতদ্‌সংক্রান্ত কিট বহিতে লিপিবদ্ধ করিয়া, ইস্যু করিতে হইবে এবং লেজারভুক্ত করিয়া উহাতে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট প্রথম শ্রেণীর কর্মকর্তার স্বাক্ষর গ্রহণ করিতে হইবে।

(৩) তফসিলে উল্লিখিত পোশাকের আয়ুষ্কাল উত্তীর্ণ হইবার পর পুরাতন পোশাক জমা প্রদান সাপেক্ষে নূতন পোশাক ইস্যু করা যাইবে।

৭। **ক্ষয়জনিত ব্যবস্থা।**—(১) কোন কর্মচারী কর্তৃক ব্যক্তিগত পোশাক হারানো বা ক্ষয়ক্ষতি হইলে প্রয়োজনীয় তদন্তের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করিয়া পুনরায় নূতন পোশাক সরবরাহ করা যাইবে।

(২) অবহেলাজনিত কারণে কোন কর্মচারীর পোশাকের ক্ষয়ক্ষতি হইলে দায়ী কর্মচারীর নিকট হইতে প্রয়োজনীয় মূল্য আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করিয়া নূতন পোশাক সরবরাহ করিতে হইবে এবং আয়ুষ্কাল উত্তীর্ণ হইবার পূর্বে পোশাক হারাইয়া গেলে সংশ্লিষ্ট কর্মচারীকে সরবরাহকৃত পোশাকের ক্রয়মূল্য পরিশোধ করিতে হইবে।

(৩) পোশাক ইস্যু করা হইয়াছে এমন কর্মচারী পলাতক হইলে অথবা দুর্ঘটনা বা মৃত্যুজনিত কারণে পোশাক পাওয়া না গেলে, মহাপরিচালক বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক, প্রয়োজনে, অন্যূন সহকারী পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তাকে সভাপতি করিয়া অন্যূন ৩ (তিন) সদস্য সমন্বয়ে, গঠিত কমিটি ঘাটতি নির্ধারণপূর্বক হারানো বিবৃতি (Loss Statement) প্রস্তুত করিবে এবং মহাপরিচালক বরাবরে উহার একটি প্রতিবেদন প্রেরণ করিবে।

৮। **ব্যবহার পরবর্তী অবস্থা, অকেজো ঘোষণাকরণ, ধ্বংস, নিলাম, ইত্যাদি।**—(১) কোন পোশাকের আয়ুষ্কাল উত্তীর্ণ হইবার কারণে উহা অকেজো ঘোষণা, বা ক্ষেত্রমত, নিলামে বিক্রয় করা যাইবে।

(২) স্টোরে জমাকৃত পুরাতন পোশাক অকেজো ঘোষণা বা নিলাম করিবার উদ্দেশ্যে মহাপরিচালক বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, প্রয়োজনে, অন্যূন সহকারী পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তাকে সভাপতি করিয়া অন্যূন ৩ (তিন) সদস্যের অকেজো ঘোষণাকরণ কমিটি (Condemnation committee) গঠন করিতে পারিবে।

(৩) কোন পোশাকের আয়ুষ্কাল উত্তীর্ণ হইবার পর উহার সঠিকতা যাচাইয়ের জন্য উপ-বিধি (২) এ উল্লিখিত কমিটির নিকট উপস্থাপন করিতে হইবে; তবে কোন পোশাকের আয়ুষ্কাল উত্তীর্ণ হইবার পরও ব্যবহার উপযোগী থাকিলে উহা কোন অবস্থাতেই অকেজো ঘোষণা করা যাইবে না।

(৪) উপ-বিধি (২) এ উল্লিখিত কমিটি কর্তৃক অকেজো ঘোষিত সকল পোশাক অমোচনীয় কালি ব্যবহার করিয়া ত্রিভুজাকৃতির "অকেজো" সীলমোহর দ্বারা চিহ্নিত করিতে হইবে।

(৫) এতদুদ্দেশ্যে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণপূর্বক, উপ-বিধি (২) এ উল্লিখিত কমিটি অকেজো ঘোষিত পোশাক যাচাই-বাছাইক্রমে নিলামযোগ্য পোশাক নিলামে বিক্রয় এবং ধ্বংসযোগ্য পোশাক ধ্বংস করিতে পারিবে এবং উহার একটি প্রতিবেদন মহাপরিচালক বরাবর প্রেরণ করিবে।

(৬) উপ-বিধি (৫) এ উল্লিখিত প্রতিবেদনের ভিত্তিতে মহাপরিচালক বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদনক্রমে উক্ত নিলাম ও ধ্বংসকৃত পোশাক লেজার হইতে কর্তন (Write off) করিতে হইবে।

১৪

## তফসিল
[বিধি-২ (খ) দ্রষ্টব্য]

১। কর্মচারীদের পোশাকের বিবরণ ও প্রাধিকার

| ক্রমিক নং | পোশাক ও সামগ্রীর নাম/বিবরণ | প্রাধিকার | আয়ুস্কাল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | খাকি ফুল শার্ট | ০২ সেট | ০১ বৎসর | শুধুমাত্র পুরুষ কর্মচারীদের জন্য |
| ২ | খাকি ফুল প্যান্ট | ০২ সেট | ০১ বৎসর | শুধুমাত্র পুরুষ কর্মচারীদের জন্য |
| ৩ | জুতা | ০১ জোড়া | ০১ বৎসর | |
| ৪ | মোজা | ০২ জোড়া | ০১ বৎসর | |
| ৫ | ওয়েইস্ট ব্যান্ড | ০২টি | ০১ বৎসর | |
| ৬ | পশমী জার্সী | ০১টি | ০১ বৎসর | |
| ৭ | খাকি নাইলন বেল্ট | ০১টি | ০১ বৎসর | |
| ৮ | খাকি হ্যাভার সেক | ০১টি | ০১ বৎসর | |
| ৯ | পশমী ওভার কোট | ০১টি | ০৩ বৎসর | |
| ১০ | ব্যাজ | ০১ সেট | ০১ বৎসর | |
| ১১ | নাম ফলক | ০১টি | ০২ বৎসর | |
| ১২ | হুইসেল ও কালো রংয়ের লিনিয়ার্ড | ০১টি | ০২ বৎসর | |
| ১৩ | ব্যাটন | ০১টি | ০১ বৎসর | |
| ১৪ | র‍্যাংক ব্যাজ | ০১ সেট | ০২ বৎসর | |
| ১৫ | ব্যারেট ক্যাপ | ০১ টি | ০১ বৎসর | |
| ১৬ | শাড়ী | ০২টি | ০১ বৎসর | শুধুমাত্র মহিলা কর্মচারীদের জন্য |
| ১৭ | পেটিকোর্ট (আকাশি রং) | ০২টি | ০১ বৎসর | শুধুমাত্র মহিলা কর্মচারীদের জন্য |
| ১৮ | মহিলাদের খাকি ব্লাউজ | ০২টি | ০১ বৎসর | শুধুমাত্র মহিলা কর্মচারীদের জন্য |
| ১৯ | শাল | ০১টি | ০১ বৎসর | শুধুমাত্র মহিলা কর্মচারীদের জন্য |
| ২০ | সাইড ক্যাপ | ০১টি | ০১ বৎসর | শুধুমাত্র মহিলা কর্মচারীদের জন্য |

২। কর্মচারীদের পোশাকের ধরন


| ক্রমিক নং | পোশাক ও সামগ্রীর বিবরণ | ধরন/বৈশিষ্ট্য |
|---|---|---|
| ১ | ব্যারেট ক্যাপ | কালো কাপড়ের তৈরী অধিদপ্তরের অনুমোদিত এ্যালুমিনিয়ামের তৈরী মনোগ্রাম সম্বলিত বাম চোখের উপর পরিধানযোগ্য ব্যারেট ক্যাপ। |
| ২ | খাকি ফুল শার্ট | খাকি সেলুলার কাপড়ের তৈরী বুক ফাড়া পুরাহাতের (হাতা কনুইয়ের ঠিক উপর পর্যন্ত পরিপাটি রূপে ভাজ করে পরিধান করিতে হইবে) শার্ট। ৫" পর পর শার্টের বোতাম, ফ্ল্যাপ দেওয়া শার্টের দুইটি বুক পকেট ও সোল্ডার স্ট্রীপ থাকিবে। বুক পকেট আনুমানিক ৫"-৭" মাপের হইবে। সোল্ডার স্ট্রীপ বাংলায় "নারকোটিকস্" শব্দটি লাগানোর জন্য প্রতি সোল্ডারের উপর দুইটি লুপ থাকিবে। |
| ৩ | খাকি ফুল প্যান্ট | খাকি ড্রিল কাপড়ের তৈরী ফুল প্যান্ট। ফুল প্যান্টের নিম্ন প্রান্ত না উল্টাইয়া সোজা ভাজ থাকিবে। প্যান্টের পিছনের ডান দিকে একটি হিপ পকেটসহ দুই পার্শ্বে দুইটি সোজা পকেট থাকিবে। হিপ পকেট ৫" খোলা ও ৭" গভীর হইবে। পার্শ্বের পকেট দুইটি ৭" খোলা থাকিবে।<br>(১) ওয়েইষ্ট (Waist) ব্যান্ড ঃ ওয়েইষ্ট (Waist) ব্যান্ড ১-৩/৪" হইবে। হুক বা বাক সহ সামনের দিকে সেলাই বিহীন দুইটি প্লীট এবং পিছনের দিকে একটি সেলাইযুক্ত প্লীট থাকিবে। এছাড়া তিনটি চোখা বেল্ট লুস যাহা বোতাম দ্বারা আটকানো থাকিবে;<br>(২) হেম ঃ নীচের হেম ১-৩/৪" চওড়া ও বুট এবং ঝুলের মাপে ১-৩/৪" ফাঁক থাকিবে। হেম হাতের সেলাই হইবে। ঝুলের নীচের দিকে ১৭" হইতে ১৯" পর্যন্ত উচ্চতা অনুযায়ী হইবে। |
| ৪ | বোতাম | কাপড়ের রংয়ের সাথে মানানসই খাকি বোতাম হইবে। |
| ৫ | পশমী জার্সী | শীত মৌসুমের জন্য খাকি শার্টের উপর গাঢ় খাকি রংয়ের লম্বা হাতার খাকি পশমী জার্সী। সোল্ডার স্টীপে বাংলায় "নারকোটিকস্" শব্দটি লাগানোর জন্য সোল্ডার জয়েন্টে ছিদ্র থাকিবে। জার্সীর কনুইয়ের জায়গায় অতিরিক্ত খাকি কাপড়ের মানানসই পট্টি থাকিবে। গেজেটেড কর্মচারীদের জার্সীতে ৫"-৭" মাপের দুইটি পকেট থাকিবে। |
| ৬ | খাকি নাইলন বেল্ট (Belt) | মাপসই বকলেস বিশিষ্ট খাকি রংয়ের নাইলন বেল্ট (Belt) হইবে। |

| ক্রমিক নং | পোশাক ও সামগ্রীর বিবরণ | ধরন/বৈশিষ্ট্য |
|---|---|---|
| ৭ | খাকি হ্যাভার সেক | খাকি কাপড়ের তৈরী হ্যাভার সেক মানানসই মাপের হইবে। |
| ৮ | পশমী ওভার কোট | খাকি রংয়ের পশমী ওভার কোট যাতে শোল্ডার স্ট্রীপ, ডাবল কাফ স্ট্যান্ড, হুক, গোল ছিদ্র ও কুল কলার থাকিবে না। সামনের অংশে বাংলায় "নারকোটিকস্" শব্দ খোদাই করা ব্রাশ পিতলের তিনটি বড় বোতাম থাকিবে। |
| ৯ | জুতা ও মোজা | অক্সফোর্ড নমুনার পাঁচটি আইলেটযুক্ত কালো জুতা এবং নাইলনের কালো মোজা হইবে। |
| ১০ | ব্যাজ | এ্যালুমিনিয়ামের তৈরী বাংলায় "নারকোটিকস্" শব্দ লিখিত ব্যাজ হইবে। |
| ১১ | নাম ফলক | গাঢ় নীল রংয়ের প্লাস্টিক শীটের উপর সাদা অক্ষরে বাংলায় খোদাই করা কর্মচারীর নামের প্রধান অংশ লিখিত নাম ফলক শার্টের ডান পকেটের উপর হইবে। নাম ফলক নিম্নবর্ণিত মাপ ও আকারে হইবে, যথা :—<br>উপকরণ : গাঢ় নীল রংয়ের প্লাস্টিক সিট<br>দৈর্ঘ্য : ৩"<br>প্রস্থ : ৩/৪"<br>পুরত্ব : ১/৮"<br>পিতলের পিনের দৈর্ঘ্য : ২-১৬/৫"<br>পিতলের পিনের মাপ : ১৬ এস, ডব্লিউ, জি<br>হুকের আকৃতি : ১৬/৩<br>অক্ষর : সাদা |
| ১২ | হুইসেল ও কালো রংয়ের লিনিয়ার্ড | কর্মচারীদের কালো রংয়ের লিনিয়ার্ডসহ হুইসেল থাকিবে। |
| ১৩ | ব্যাটন | ১৮ ইঞ্চি লম্বাবিশিষ্ট বেতের ব্যাটন হইবে। |
| ১৪ | সাইড ক্যাপ | কালো রংয়ের |
| ১৫ | শাড়ী | আকাশি রংয়ের |
| ১৬ | ব্লাউজ | দুইটি মানানসই বুক পকেটসহ খাকি রংয়ের। |
| ১৭ | শাল | এক রংয়ের |

## পরিশিষ্ট ক

### র‌্যাংক ব্যাজ

ক্রমিক নং-১




তত্ত্বাবধায়কের র‌্যাংক ব্যাজ

ক্রমিক নং-২




পরিদর্শকের র‌্যাংক ব্যাজ

ক্রমিক নং-৩



উপ-পরিদর্শকের র‌্যাংক ব্যাজ

ক্রমিক নং-৪



সহকারী উপ-পরিদর্শকের র‌্যাংক ব্যাজ

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ আব্দুল আহাদ**
যুগ্ম-সচিব (সমন্বয়)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd